# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

## প্রতিষ্ঠাতৃ-দিবস

২০এ জানুয়ারি

১৯৭৩

# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

**প্রতিষ্ঠাতৃ-দিবস, ২০এ জানুয়ারি ১৯৭৩**

১৮১৭ খ্রীস্টাব্দের ২০এ জানুয়ারি প্রেসিডেন্সি কলেজের আরম্ভ দিবস। ভারতবর্ষে ইংরেজী শিক্ষা এবং আধুনিক মূল্যমানের সূচনা হয়েছিল সেদিন। সেদিন হিন্দু কলেজের নতুন শিক্ষাবিধি সৃষ্টি করেছিল কত আশা, কত উৎসাহ আবার কত সংশয়। নানা ঘাতপ্রতিঘাতের মধ্য দিয়ে হিন্দু কলেজের জয়যাত্রা। সে যাত্রা সার্থক হয়েছে নব ভারত সৃষ্টিতে, নতুন যুগের ছাত্র ও নতুন যুগের নেতাদের অভ্যুদয়ে, যুগে-যুগান্তরে জাতীয় ইতিহাসের পটপরিবর্তনে আমাদের কলেজের নেপথ্য ভূমিকায়। আজ আমরা শ্রদ্ধা নিবেদন করি ডেভিড হেয়ার, রাজা রামমোহন রায়, বৈদ্যনাথ মুখোপাধ্যায়, স্যার এডওয়ার্ড হাইড ঈস্ট, জোসেফ ব্যারেটো, জে এইচ হ্যারিংটন, লেফটেনান্ট-কর্নেল ফ্রান্সিস আরভিন প্রভৃতি বরেণ্য ব্যক্তিদের—যাঁদের উদ্যোগে স্থাপিত হয়েছিল এই ঐতিহ্যমণ্ডিত শিক্ষায়তনটি।

সেদিন এর নাম ছিল হিন্দু কলেজ। যুগের প্রয়োজনে হিন্দু কলেজই ১৮৫৫ খ্রীস্টাব্দে রূপান্তরিত হ'ল প্রেসিডেন্সি কলেজে। হিন্দু স্কুল নামে পৃথক শিক্ষায়তনটি পুরাতন হিন্দু কলেজের জুনিয়র ডিপার্টমেন্টের স্মৃতি বহন করছে।

আজ আবার ভারতবর্ষের ইতিহাসের নতুন অধ্যায় রচিত হ'তে চলেছে। শিক্ষার প্রসার ঘটছে, শিক্ষানীতির হচ্ছে পরিবর্তন, গভীরতার সঙ্গে ঘটছে ব্যাপ্তি। ছাত্রদের মনে আজ নতুন জিজ্ঞাসা, শিক্ষকদের মধ্যে নব নব অনুসন্ধিৎসা। প্রেসিডেন্সি কলেজের প্রয়োজনের পরিধি-ক্রমেই বেড়ে যাচ্ছে। কলেজের বিভিন্ন বিভাগ, তাদের গুরুত্বও ক্রমবর্ধমান। এসব বিভাগে শিক্ষক পদ অপূর্ণ থাকা বাঞ্ছনীয় নয়, শিক্ষাদান প্রসঙ্গে নানা উপকরণের প্রয়োজনও উপেক্ষিত থাকা কাম্য নয়। এই কলেজে বিধিবদ্ধ স্নাতকোত্তর অধ্যাপনা প্রবর্তনে আর বিলম্ব করাও চলে না। কলকাতা বিশ্ববিদ্যালয়-সম্পর্কিত আলোচনায় নিযুক্ত ইউ জি সি কমিটির কাছে, এবার আমাদের কলেজ যাতে অটোনোমাস কলেজ হিসেবে স্বীকৃতি পায়, কলেজের পক্ষ থেকে সে বিষয়ে বিশদ তথ্যাদি দেওয়া হয়েছে।

**বিভিন্ন পরীক্ষার ফল**

কলেজের ছাত্রসংখ্যা বর্তমানে মোট ১০০৭। এই সংখ্যার মধ্যে ছাত্রীর সংখ্যা ৩৫০। ৬৮০ জন ছাত্রছাত্রী বিভিন্ন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সরকারী বৃত্তি পেয়েছে। এদের মধ্যে অসচ্ছল অথচ মেধাবী ব'লে ৫১২ জন ছাত্রছাত্রী বৃত্তি পেয়েছে। ১৮ জন ছাত্রছাত্রীকে ন্যাশনাল সায়ান্স ট্যালেন্ট সার্চ বৃত্তি দেওয়া হয়েছে। এ ছাড়া ১ জন ছাত্রকে জগদীশ বোস ন্যাশনাল সায়ান্স ট্যালেন্ট সার্চ বৃত্তি দেওয়া হয়েছে।

কয়েকটি উল্লেখযোগ্য ফলঃ

ভূতত্ত্ব বিভাগের এম এস-সিতে তিনজন প্রথম শ্রেণী পেয়েছেন।

সংখ্যাতত্ত্ব বিভাগে স্নাতক পরীক্ষায় একজন প্রথম শ্রেণী পেয়েছেন।

ইংরেজি বিভাগের ১৯৭১ সালে তিনজন ছাত্র প্রথম শ্রেণী পেয়েছেন।

ভূগোল বিভাগে বি এ-তে তিনজন, বি এ পার্ট ওয়ান-এ দুজন প্রথম শ্রেণী পেয়েছেন।

গণিত বিভাগে ১৯৭১-এর বি এস-সি পরীক্ষায় আটজন প্রথম শ্রেণী পেয়েছেন। বি এ পার্ট ওয়ান ও পার্ট টু মিলিত পরীক্ষায় এই কলেজের একজন ছাত্র প্রথম শ্রেণীতে প্রথম হয়েছেন।

উদ্ভিদতত্ত্ব বিভাগে এম এস-সি পরীক্ষায় একজন প্রথম শ্রেণী ও বি এস-সি পরীক্ষায় দুজন প্রথম শ্রেণী পেয়েছেন।

রসায়ন বিভাগে এম এস-সিতে আটজন এবং বি এস-সিতে এগারো জন প্রথম শ্রেণী পেয়েছেন।

পদার্থতত্ত্বে এম এস-সিতে ছ'জন, বি এস-সিতে আটাশ জন এবং বি এস-সি পার্ট ওয়ান পরীক্ষায় ছাব্বিশ জন প্রথম শ্রেণী পেয়েছেন।

অর্থনীতি বিভাগে বি এ পার্ট ওয়ান পরীক্ষায় তিনজন প্রথম শ্রেণী পেয়েছেন।

অধ্যাপকমণ্ডলীর পরিবর্তন ও অন্যান্য সংবাদ

এ বছরই ভারতবিখ্যাত সংখ্যাতত্ত্ববিদ্ অধ্যাপক প্রশান্তচন্দ্র মহলানবিশ পরলোক গমন করেছেন। তাঁর মৃত্যুতে ভারতীয় বিজ্ঞান সাধনায় অপূরণীয় ক্ষতি হ'ল। তিনি এই কলেজের অধ্যক্ষ ও পদার্থতত্ত্ব বিভাগের সঙ্গে দীর্ঘদিন জড়িত ছিলেন, সংখ্যাতত্ত্ব বিভাগের প্রবর্তনায় তাঁর দান স্মরণীয়। এই বিভাগের প্রাক্তন অধ্যাপক ডি এন মজুমদার আশি বৎসর বয়সে লোকান্তরিত হয়েছেন।

রসায়ন বিভাগের প্রাক্তন অধ্যাপক ডক্টর এস কে মজুমদার অগাস্ট মাসে জার্মানিতে পরলোক গমন করেছেন। ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক শৈলেন্দ্রসুন্দর পোদ্দারের আকস্মিক মৃত্যু শোকাবহ। এই কলেজের প্রাক্তন অধ্যাপক পরে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যক্ষ ডক্টর শিশিরকুমার চট্টোপাধ্যায় সম্প্রতি পরলোক গমন করেছেন।

ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক শ্রীফণিভূষণ মুখোপাধ্যায় অবসর গ্রহণ করেছেন; তাঁর স্থলে বিভাগীয় প্রধান হিসাবে দায়িত্বভার গ্রহণ করেছেন ডক্টর শ্রীশৈলেন্দ্রকুমার সেন। গণিত বিভাগে শ্রীকৈলাসনাথ ভট্টাচার্য সেপ্টেম্বর মাস থেকে অধ্যাপকরূপে যোগদান করেছেন। উদ্ভিদতত্ত্ব বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডক্টর এইচ সি গঙ্গোপাধ্যায় জুন মাসে অবসর গ্রহণ করেছেন, তাঁর পদে ডক্টর এ কে চক্রবর্তী বিভাগীয় প্রধান অধ্যাপক নিযুক্ত হয়েছেন। উদ্ভিদতত্ত্ব বিভাগের ডক্টর সি টি দত্ত অবসর গ্রহণ করেছেন এ বছর।

দর্শন বিভাগের সহকারী অধ্যাপক শ্রীকালিকাপ্রসাদ রায় ও শ্রীসুধীরকুমার রায় অবসর গ্রহণ করেন। বিভাগীয় প্রধান অধ্যাপকরূপে এই কলেজে যোগদান করেছেন শ্রীনরেশচন্দ্র চক্রবর্তী।

প্রাণিতত্ত্ব বিভাগের অধ্যাপক ডক্টর শ্রীশিবতোষ মুখোপাধ্যায় জুন মাসে জহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ে জীববিজ্ঞান স্কুলের ডীন-রূপে যোগদান করেছেন; দার্জিলিঙ্ কলেজের অধ্যক্ষ ডক্টর বিশ্বপতি দাশগুপ্ত প্রাণিতত্ত্ব বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপকরূপে অচিরেই যোগদান করবেন।

অর্থনীতি বিভাগের অধ্যাপক শ্রীতাপস মজুমদার জহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত 'এডুকেশনাল স্টাডিজ'-এর ডিরেক্টর পদে যোগদান করেছেন এ বছর। রিসার্চ অ্যাসোসিয়েট হিসেবে অর্থনীতি বিভাগে শ্রীরামপ্রসাদ সেনগুপ্ত যোগদান করেছেন।

ইতিহাসের বিভাগীয় প্রধান অধ্যাপক ডক্টর শ্রীঅশীন দাশগুপ্ত পশ্চিম জার্মানির হাইডেল-বার্গ বিশ্ববিদ্যালয়ের আমন্ত্রণে বিদেশ যাত্রা করেছেন। তাঁর জায়গায় যোগ দিয়েছেন এই কলেজেরই পূর্বতন শিক্ষক শ্রীচণ্ডিকাপ্রসাদ বন্দ্যোপাধ্যায়।

সংখ্যাতত্ত্ব বিভাগের ডক্টর শ্রীকল্যাণ দত্ত সি এস আই আর-এর পুল অফিসার হিসেবে একাত্তর সালের ডিসেম্বরে যোগদান করেছিলেন। আবার বাহাত্তর সালের ফেব্রুয়ারি মাসে ইণ্ডিয়ান ইনস্টিট্যুট অব ম্যানেজমেন্টে সহকারী অধ্যাপক হিসেবে যোগদানের জন্যে সংখ্যাতত্ত্ব বিভাগ ত্যাগ ক'রে গেছেন। ইংরেজি বিভাগের সরকারী অধ্যাপক শ্রীবীরেন্দ্রনাথ শিকদার হুগলি মহসিন কলেজ থেকে এখানে যোগদান করেছেন। যোগদান করেছেন দর্শন বিভাগের

সহকারী অধ্যাপক ডক্টর শ্রীসুধীরকুমার নন্দী, ইংরেজি বিভাগের লেকচারার শ্রীমতী সুদেষ্ণা চক্রবর্তী, ভূগোল বিভাগের জুনিয়র ডেমনস্ট্রেটর শ্রীশ্যামল ঘোষ, রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক শ্রী পি আর গুপ্ত এবং লেকচারার শ্রী এইচ গুপ্ত।

রসায়ন বিভাগের ডেমনস্ট্রেটর শ্রী এস আর মৈত্র ডিসেম্বরের শেষে অবসর গ্রহণ করবেন এবং ডেমনস্ট্রেটর শ্রী এ কে বল অগাস্ট মাসে অবসর গ্রহণ করেছেন। পদার্থতত্ত্ব বিভাগের সহকারী অধ্যাপক শ্রী এন এম সাহা অবসর গ্রহণ করেছেন।

বাংলা বিভাগের সহকারী অধ্যাপক ডক্টর শ্রীভবতোষ দত্ত বারাসত সরকারী কলেজ থেকে পুনরায় এ কলেজে এসেছেন।

রাষ্ট্রনীতি বিভাগের সহকারী অধ্যাপক ডক্টর শ্রীপার্থ চট্টোপাধ্যায় চাকরি ছেড়ে দিয়ে পাঞ্জাবের অমৃতসরে গুরু নানক বিশ্ববিদ্যালয়ে রিডার হিসেবে যোগদান করেছেন। তাঁর পদে এখনো কেউ আসেন নি।

এই কলেজ থেকে বদলি হয়েছেন ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক শ্রীযোগেশচন্দ্র ভট্টাচার্য। ভূগোল বিভাগের জুনিয়র ডেমনস্ট্রেটর শ্রী এ কে দাস মালদহ সরকারী ট্রেনিং কলেজে লেকচারার রূপে যোগদান করেছেন। উদ্ভিদ্‌তত্ত্ব বিভাগের শ্রী টি চক্রবর্তী পদত্যাগ করেছেন এবং আমেরিকায় চিকাগো বিশ্ববিদ্যালয়ে পি-এইচ ডি ছাত্ররূপে যোগ দিয়েছেন।

## বিভিন্ন অধ্যাপকের বিদেশযাত্রা এবং অন্যান্য নিয়োগ ও গবেষণা

কলেজের অধ্যক্ষ ডক্টর প্রতুলচন্দ্র মুখোপাধ্যায় ইণ্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটের কাউন্সিল-সদস্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অ্যাডভাইসরী-কমিটি-অন-কলেজেস-এর সদস্য ও পশ্চিমবঙ্গ রাজ্যের প্ল্যানিং বোর্ডের সাম্মানিক ও স্নাতকোত্তর অধ্যয়ন, অধ্যাপনা ও গবেষণা-সংক্রান্ত উপসমিতির সদস্য নির্বাচিত হয়েছেন।

রাষ্ট্রনীতি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডক্টর এন সি রায়চৌধুরী '১৯৪৭-৭২ পশ্চিমবঙ্গে রাজনীতি' বিষয়ে বক্তৃতা দেবার জন্য জয়পুরে রাজস্থান বিশ্ববিদ্যালয়ে আমন্ত্রিত হয়েছেন।

অর্থনীতি বিভাগের গবেষণা প্রতিষ্ঠানের নাম "আর্থনীতিক গবেষণা কেন্দ্র"। ১৯৭২-এর ১লা এপ্রিল থেকে কয়েকটি নির্বাচিত বিভাগে ইউ জি সি স্কীমের বিশেষ সহায়তার অধিকারী হিসাবে এই গবেষণা কেন্দ্র স্বীকৃত হয়েছে। এবং এদিক থেকে কোন মহাবিদ্যালয়ের বিভাগ হিসাবে প্রেসিডেন্সি কলেজের এই বিভাগই বিশেষ গৌরবের অধিকারী। ফলে পূর্বভারতে প্রেসিডেন্সি কলেজের অর্থনীতি বিভাগ আর্থনীতিক শিক্ষণ ও গবেষণার নেতৃত্বের মর্যাদা পেয়েছে।

অর্থনীতি বিভাগের ১৯৬৫ সালে প্রবর্তিত গবেষণা শাখাটি এখন এই কেন্দ্রের অঙ্গীভূত হল। পূর্বোক্ত বিশেষ সহায়তার পরিকল্পনা অনুসারে এই কেন্দ্রে এখন বিভিন্ন গবেষণাকর্মী যোগ দিচ্ছেন এবং আগামী দু'এক বছরের মধ্যে এক পূর্ণাঙ্গ পি-এইচ ডি কার্যক্রম প্রবর্তিত হবে। আশা করা যায় ১৯৭২-৭৭ পঞ্চবর্ষ-পর্বে ইউ জি সি-র আনুকূল্যে এই কেন্দ্রটির খ্যাতি বৃদ্ধি হবে।

ইতিহাসের সহকারী অধ্যাপক ডক্টর হীরেন্দ্রনাথ চক্রবর্তী জাতিবিভাগ সম্পর্কিত আন্দোলন ও ভারতীয় জাতীয়তাবাদের উপর তার প্রভাব এই গবেষণাকর্মের জন্য লন্ডনের ইণ্ডিয়া অফিস লাইব্রেরিতে গ্রীষ্মের ছুটিতে কাজ করতে গিয়েছিলেন। তাঁর বাঙালি বিপ্লবী সম্পর্কিত বইটি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় প্রেস থেকে ছাপা হচ্ছে। 'Notes on the British Personalities whose statues once stood in Calcutta' লেখার জন্যে পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা বিভাগ কর্তৃক ডক্টর চক্রবর্তী নিযুক্ত হয়েছেন। আধুনিক ইউরোপের ইতিহাস সম্পর্কে একটি পাঠ্যপুস্তক লেখার জন্যেও তিনি আমন্ত্রণ পেয়েছেন। অরবিন্দের রাজনীতিক চিন্তার ওপর

বক্তৃতার জন্যে কলকাতা এশিয়াটিক সোসাইটি কর্তৃক আমন্ত্রিত হয়েছিলেন। ১৯৭৩ সালের গ্রীষ্মে প্যারিসে ঊনবিংশ কংগ্রে আঁতেরনাশিওনাল দেজ্ ওরিআঁতাল্-এ যোগদানের জন্যে আমন্ত্রিত হয়েছেন। ১৯৭২ সালে ক্যালকাটা হিস্টরিক্যাল সোসাইটির সহকারী সম্পাদক নিযুক্ত হয়েছেন। তিনি ডক্টর ভবতোষ দত্ত কলকাতা এশিয়াটিক সোসাইটি এবং ক্যালকাটা হিস্টরিক্যাল সোসাইটির যৌথ উদ্যোগে অনুষ্ঠিত একটি সেমিনারে 'রাজা রাধাকান্ত দেব' সম্পর্কে প্রবন্ধ পড়েন।

উদ্ভিদ্‌তত্ত্ব বিভাগের লেক্‌চারার শ্রী পি কে বসু এ বছর ডি-ফিল উপাধি পেয়েছেন কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে।

রসায়ন বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডক্টর এস সি সোম অক্টোবরে এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ে রসায়নবিদ্ সম্মেলনে একটি অধিবেশনের চেয়ারম্যানরূপে কাজ করবার জন্যে আমন্ত্রিত হয়েছিলেন। শারীরতত্ত্ব বিভাগের শ্রীকরুণাময় লাহিড়ী এ বছর কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে পি-এইচ ডি পেয়েছেন। এই বিভাগের লেকচারার শ্রীকানাইলাল ঘটক কলকাতা বিশ্ব-বিদ্যালয়ের পি-এইচ ডি পেয়েছেন।

দর্শন বিভাগের সহকারী অধ্যাপক ডক্টর নীরোদবরণ চক্রবর্তী ন্যাশন্যাল লাইব্রেরিতে অনুষ্ঠিত সাহিত্য আকাদেমি আয়োজিত একটি আলোচনাচক্রে শ্রীঅরবিন্দের দর্শনের ওপর একটি প্রবন্ধ পাঠ করেন। বঙ্গীয় দর্শনপরিষদের আলোচনাচক্রে 'নীতি সম্বন্ধে কিৰ্কেগার্ডের মত' এই বিষয়ে একটি প্রবন্ধ পাঠ ক'রে আলোচনার সূত্রপাত করেন।

ভূগোল বিভাগের অধ্যাপক ডক্টর এ বি চট্টোপাধ্যায় 'সোস্যাল ও সেটেলমেন্ট জিওগ্রাফী' বিষয়ে গবেষণা করছেন। 'আর্থনীতিক ভূগোল' বিষয়ে অধ্যাপক এন দে, 'আর্থনীতিক ও সামাজিক ভূগোল' বিষয়ে শ্রী পি কে মুখোপাধ্যায়, 'জিও-মরফলজি'র ওপর শ্রী এস আর বসু, আর্থনীতিক ভূগোলের ওপর শ্রী পি এন রায়, 'ভূগোলে শিক্ষা ও গবেষণা'-র ওপর শ্রী এস ঘোষ, 'মাটি' ও জমির ব্যবহারের ওপর ডক্টর পি কে সাহা কাজ করছেন।

ভূগোল বিভাগের ডক্টর এ বি চট্টোপাধ্যায় আমন্ত্রিত হয়েছেন বর্ধমান বিশ্ববিদ্যালয়ের একটি আলোচনাচক্রে চেয়ারম্যান-রূপে। গোরখপুর বিশ্ববিদ্যালয়ে 'টিচিং অ্যান্ড রিসার্চ মেথডোলজি'র ওপর আলোচনায়, নতুন দিল্লিতে ইন্ডিয়ান জিওগ্রাফিক্যাল কংগ্রেস, অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ান জিওগ্রাফার্স-এ যোগদানের জন্যেও আমন্ত্রিত হয়েছেন।

পদার্থতত্ত্ব বিভাগে গবেষণাকর্মী শ্রী জে পি মুন্দ্রা তাঁর গবেষণার বিষয়বস্তু জমা দিয়েছেন।

ভূতত্ত্ব বিভাগের শ্রীচিত্তরঞ্জন ভট্টাচার্য ও শ্রীকমল নন্দী তাঁদের গবেষণাকর্মের জন্যে যথাক্রমে ডি এস-সি ও পি-এইচ ডি উপাধি পেয়েছেন।

পদার্থতত্ত্ব বিভাগীয় প্রধান ডক্টর এস এন ঘোষাল ইউ জি সি-র অধীনে কলেজ ও বিশ্ব-বিদ্যালয়ের পরিচালনা সংক্রান্ত একটি কমিটির সদস্য নিযুক্ত হয়েছেন। ইন্ডিয়ান ফিজিক্স্ এসো-সিয়েশন আয়োজিত 'ভারতের পদার্থতত্ত্ব গবেষণায় আধুনিক গতিপ্রকৃতি' বিষয়ে একটি আলোচনা-চক্রে চেয়ারম্যানের পদে কাজ করেন ডক্টর ঘোষাল। দিল্লিতে ন্যাশন্যাল ফিজিক্যাল ল্যাবরেটরি আয়োজিত আলোচনাচক্রে 'হাই ভ্যাকুয়াম টেকনোলজি' সম্পর্কে বলবার জন্যে তিনি আমন্ত্রিত হয়েছেন। নভেম্বর মাসে ইন্ডিয়ান ন্যাশন্যাল সায়ান্স অ্যাসোসিয়েশন আয়োজিত একটি আলোচনা-চক্রে 'সাধারণ আপেক্ষিকতা ও মাধ্যাকর্ষণ' সম্বন্ধে বক্তৃতা দেবার জন্যে ডক্টর এ কে চৌধুরী আমন্ত্রিত হয়ে যোগদান করেন।

পদার্থতত্ত্ব বিভাগের লেকচারার শ্রীসলিলকুমার সরকার উচ্চতর বিদ্যাভ্যাসের জন্যে স্টেট স্কলারশিপ পুরস্কারের জন্যে নির্বাচিত হয়েছেন।

বাংলা বিভাগের সহকারী অধ্যাপক শ্রীমদনমোহন কুমার বঙ্গীয় সাহিত্য পরিষদের অবৈতনিক সম্পাদক নির্বাচিত হয়ে কার্যভার গ্রহণ করেছেন।

রাষ্ট্রনীতি বিভাগের অধ্যাপক ডক্টর অমলকুমার মুখোপাধ্যায় গবেষণার একটি পরিকল্পনা আই সি এস এস আর-এর অনুমোদনের জন্যে অর্পণ করেছেন। অন্য দু'টি পরিকল্পনা হ'ল 'পশ্চিমবঙ্গে রাজনীতি' ও 'ভারতে পার্লামেন্ট'।

**শিক্ষামূলক ভ্রমণ ও সেমিনার**

প্রেসিডেন্সি কলেজে শিক্ষামূলক ভ্রমণের সুপ্রচুর ব্যবস্থা আছে। বিশেষ ক'রে বিজ্ঞানের ছাত্রদের পক্ষে এর প্রয়োজনীয়তা অনস্বীকার্য। এই বছরের অনুষ্ঠিত বিভিন্ন বিভাগের ছাত্রদের বহির্যাত্রার একটি সংক্ষিপ্ত তালিকা দেওয়া হ'ল ঃ—

ইতিহাস বিভাগের ছাত্রেরা মার্চ মাসে পুরী ও তার আশেপাশে ইতিহাসের প্রাচীন ঐতিহ্য দেখতে যান।

সংখ্যাতত্ত্ব বিভাগের প্রথম বর্ষের ছাত্রেরা কলকাতা ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইন্‌স্টিটুটে যান ফেব্রুয়ারি মাসে, দ্বিতীয় বর্ষের ছাত্রেরা ডিসেম্বর-জানুয়ারি মাসে ব্যাঙ্গালোরে ইন্ডিয়ান স্ট্যাটিস্‌টিক্যাল ইন্‌স্টিটুট দেখতে যান।

বাংলা বিভাগের সাম্মানিক শ্রেণীর সকল বর্ষের ছাত্র ও শিক্ষক ১৬ই জানুয়ারি হাওড়ায় ফুলেশ্বর ডাকবাংলোতে বনভোজনের আয়োজন করেছিলেন এবং ৭ই অগাস্ট প্রথম বর্ষের ছাত্রেরা শান্তিনিকেতনে রবীন্দ্র-উৎসবে যোগদান করেন। জানুয়ারি মাসে বাংলা সেমিনারে একটি আলোচনা অনুষ্ঠিত হবে, আলোচ্য বিষয় ঃ '১৯৪৭-৭২ পর্যন্ত সাহিত্যিক বাংলা গদ্যের বিভিন্ন প্রবণতা'।

ভূগোল বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্রেরা ফেব্রুয়ারি মাসে দীঘা ও তার আশেপাশে বেড়াতে যান; মৃত্তিকা পরীক্ষার ব্যাপারে, পূজোর ছুটিতে তৃতীয় বর্ষের ছাত্রেরা কাশ্মীর ও ডালহৌসি যান। দ্বিতীয় বর্ষের ছাত্রেরা শিলিগুড়ি, দার্জিলিঙ, গ্যাঙটক ও তার আশেপাশে ঘুরে দেখতে যান পুজোর ছুটিতে। ২৪এ জানুয়ারি ছাত্র ও শিক্ষকেরা বনগাঁ ও তার আশেপাশে বেড়াতে যান।

উদ্ভিদ্‌তত্ত্ব বিভাগ থেকে এ বছর তিনটি বহির্যাত্রার আয়োজন করা হয়েছিল, প্রত্যেকটিই শিক্ষামূলক, দক্ষিণ ভারতের উদ্ভিদ্‌, ভারতের দক্ষিণ উপকূলে পাহাড়ী ও সামুদ্রিক ফুল পরীক্ষা এর বিষয় ছিল, হিমালয়ের পূর্বভাগের উদ্ভিদ্‌ও পরীক্ষিত হয়। গণ্ডগোলের জন্যে শিলং-এ যাওয়া হয় নি। এ ছাড়া দীঘার উদ্ভিদ্‌ও পরীক্ষা করা হয়। কলকাতার আশেপাশেও অনেকবার বহির্যাত্রার ব্যবস্থা করা হয়েছে।

রসায়ন বিভাগের ছাত্ররা বোম্বে, জব্বলপুর, আওরাঙ্গাবাদ, পুনা, ভূপাল ও গোয়ায় গবেষণা পরীক্ষাকেন্দ্র ও শিল্পপ্রতিষ্ঠানে নানা বিষয় পরিদর্শন করতে যান।

**গ্রন্থাগার**

১৯৭২-এর ১৬ই নভেম্বর পর্যন্ত গৃহীত হিসাবে গ্রন্থাগারের গ্রন্থসংখ্যা দাঁড়িয়েছে ১,১৩,০৪০ এবং বাঁধানো পত্রিকার সংখ্যা ১৪,১০৭। এ ছাড়া যে-সমস্ত পত্রপত্রিকা বাঁধানো প্রয়োজন তার সংখ্যাও প্রচুর। ১৯৭১-৭২-এ কেনা বই ও পত্রিকার সংখ্যা যথাক্রমে ২,৯৫৯ ও ১২৮ খানি। এর জন্যে মোট খরচের পরিমাণ ১,৩০,৩২৩.০২ টাকা। এ ছাড়া ৭৫ খানি বই, পত্রিকা ও পুস্তিকা উপহার স্বরূপ এ বছর পাওয়া গেছে।

১৯৭১-৭২-এ মোট ১,১৩,০৫১ খানি বই ব্যবহৃত হয়েছে। এর মধ্যে বাড়িতে ব্যবহারের জন্যে ৩৯,০১০ খানি এবং বিভিন্ন সেমিনারে ব্যবহারের জন্যে ৬,৭৩১ খানি। এই বছর সায়েন্স লাইব্রেরিতে বারো সারি "স্টিল বুক র‍্যাক" স্থাপন করা হয়েছে। যে-সকল পুস্তক ও পত্রিকা দীর্ঘদিন ধ'রে স্থানাভাবের জন্যে মেঝেতে রাখা হয়েছিল সেগুলো যথাযথভাবে উল্লিখিত র‍্যাকে রাখা হয়েছে। অবশ্য গ্রন্থাগারের অন্য দু'টি শাখার স্থানাভাব আজও রয়েছে।

অবিলম্বে অতিরিক্ত র‍্যাক স্থাপনের এবং আলোর সুবন্দোবস্ত করা প্রভৃতি ব্যাপারে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। এই দু'টি শাখার (আর্টস ও ইকনমিক্স অ্যান্ড পলিটিক্যাল সায়েন্স লাইব্রেরি) সম্প্রসারণও একান্ত প্রয়োজন।

ছাত্রছাত্রীর সংখ্যা বৃদ্ধি পাওয়ার জন্যে এবং বিভিন্ন বিভাগে গবেষণামূলক কাজকর্ম নিয়মিত চলায় পুস্তক ও পত্রপত্রিকা ব্যবহারের হার অধিকতর হয়েছে। কাজের পরিমাণ সেই-সঙ্গে বেড়েছে। এই বাড়তি কাজের জন্যে অতিরিক্ত কর্মচারী নিয়োগের আবেদন কর্তৃপক্ষের নিকট বহুদিন ধ'রে করা হয়েছে। আলোচ্য বর্ষে একজন সহ-গ্রন্থাগারিক ও একজন ৪র্থ শ্রেণীর কর্মচারী সায়েন্স লাইব্রেরির জন্যে (এক বছরের মেয়াদে) পাওয়া গেছে। কাজের পরিমাণানুযায়ী আরো কর্মচারী প্রয়োজন। বই, সেলফ ও আলমারি ঝাড়পোছের জন্যেও অতিরিক্ত কর্মচারী প্রয়োজন। এ বিষয়টিও কর্তৃপক্ষের দৃষ্টিতে আনা হয়েছে।

ছাত্রছাত্রী, শিক্ষক ও রিসার্চ স্কলারদের পঠনপাঠনের সুবিধার জন্যে গ্রন্থাগারটি অধিকতর সময় খুলে রাখা বিশেষ প্রয়োজন। বিষয়টির গুরুত্ব জানিয়ে কর্তৃপক্ষের কাছে বিশ বছর ধ'রে অতিরিক্ত কর্মচারী চাওয়া হয়েছে, কিন্তু কোন ফল হয় নি।

**কলেজ অ্যাথলেটিক ক্লাব**

১৯৭২ সালের ১৭ই জানুয়ারি বিশেষ উৎসাহ ও আড়ম্বরের সঙ্গে প্রাক্তন ও বর্তমান ছাত্রদের এক আকর্ষণীয় প্রীতি ক্রিকেট খেলার আয়োজন করা হয়। এই খেলায় প্রাক্তন ছাত্রেরা বিজেতার সম্মান লাভ করে।

এ বছর ২০এ জানুয়ারি কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানে শ্রীবিজয় সুতার ও শ্রীনন্দিতা বসুমল্লিক যথাক্রমে পুরুষ ও মহিলা বিভাগে ব্যক্তিগত শ্রেষ্ঠত্ব অর্জন করেন। এই প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করেন শ্রীমতী কর এবং সভাপতির আসন গ্রহণ করেন শ্রীযুক্ত এন আর কর।

বিভিন্ন কারণে এ বছর কলেজ টিম আন্তঃ-কলেজ ফুটবল প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারে নি।

এ বছর আন্তঃ-বিশ্ববিদ্যালয় বাস্কেট বল প্রতিযোগিতায় শ্রীপ্রবাল মুখোপাধ্যায় এই কলেজ থেকে অংশগ্রহণ করেন।

**প্রেসিডেন্সি কলেজ কর্মী সংস্থা**

প্রেসিডেন্সি কলেজ কর্মী সাংস্কৃতিক সংস্থা গঠিত হয় ১৯৭২ সালের অগাস্ট মাসে। এই ধরনের সংস্থা এই কলেজে এই প্রথম। কলেজের সর্বস্তরের কর্মচারীর মধ্যে এক সাংস্কৃতিক ঐক্য গ'ড়ে তোলাই এর একমাত্র উদ্দেশ্য।

গত ৯ই ডিসেম্বর ১৯৭২ কলেজ প্রেক্ষাগৃহে এই সংস্থার বিজয়া-সম্মেলন উপলক্ষে একটি বিচিত্রানুষ্ঠানের আয়োজন করা হয়। কলেজ অফিস ও বিজ্ঞান গ্রন্থাগারের কতিপয় উৎসাহী কর্মীর অক্লান্ত পরিশ্রমের ফলে এই সংস্থা গঠিত হয়েছে এবং এর ফলে অনেকদিনের একটি অভাব দূর হ'ল।

**বিদেশী অতিথি**

গত ৪ঠা ডিসেম্বর কলেজের প্রাক্তন ছাত্র বাংলাদেশের রাষ্ট্রপ্রধান জনাব আবু সঈদ চৌধুরী কলেজে এসেছিলেন। এই উপলক্ষে প্রাক্তন ছাত্রদের এক মিলন-উৎসব অনুষ্ঠিত হয়। তিনি বর্তমান ছাত্রদের সঙ্গেও মিলিত হন। পরে কলেজের আকর্ষণীয় ও বিরাট প্রেক্ষাগৃহে উদ্বেলিত দর্শকদের সামনে তিনি প্রায় ঘণ্টাখানেক বক্তৃতা দেন। সঙ্গে ছিলেন বেগম চৌধুরী, মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ও তাঁর স্ত্রী। অনুষ্ঠানে সভাপতির পদ গ্রহণ করেন প্রাক্তন ছাত্রসংসদের সভাপতি শ্রীহেমেন সেন।

# বিদেশী অতিথি ও বিভিন্ন বক্তৃতামালা

## ভূগোল বিভাগ

Mr. Wm. M. Boyle, St. Louis, Mossurie, U.S.A.

Mr. O. Schmidt, University of Pitsburg, Pitsburg, U.S.A.

Shri Abhijit Gupta, Johns Hopkins University, U.S.A.

Shri M. J. Choudhury, Dacca, Bangla Desh.

Principal Dr. S. Mookherjee, Nagpur University.

Shri S. P. Dasgupta, Director, National Atlas Organisation, Calcutta.

Dr. A. B. Mukherjee, Punjab University.

Professor Dr. B. N. Sinha, Head of the Department of Geography, Utkal University, Bhubaneswar.

## রসায়ন বিভাগ

Prof. G. G. Guilbault of Luisiana State University.

Prof. A. G. McLellan of the University of Cantirburg, New Zealand.

**Publication and Research work by Members of the Teaching Staff of Presidency College or by Students and Research Scholars under their guidance during 1972.**

*Bengali*

**Mitra, Dr. Haraprasad**

রবীন্দ্রনাথের ছোট গল্প [সংহৃতি, ১৩৭৯]।

রবীন্দ্রনাথের দু'টি গল্প [সংহৃতি, ১৩৭৯]।

মন্ত্র ও কবিতা [লা পয়েজি, ১৩৭৯]।

Dictionary of National Biography ১ম খণ্ডে প্রকাশিত কয়েকটি নিবন্ধ [স্বনামে ও শ্রীসুমিত মিত্রের সহিত]।

রবীন্দ্র-সাহিত্য সম্পর্কে আরও দুইটি প্রবন্ধ ['বিশ্ববাণী', 'কালি ও কলম' পত্রিকা, ১৩৭৯]।

**Datta, Dr. Bhabatosh**

বঙ্কিমচন্দ্র ও বঙ্গদর্শন [বিশ্বভারতী পত্রিকা, আশ্বিন, ১৩৭৯]।

বঙ্কিমচন্দ্র ও সংস্কৃত সাহিত্য [রাধাগোবিন্দ নাথ স্মারকগ্রন্থ]।

বঙ্কিমচন্দ্রের সাহিত্যতত্ত্ব [শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় স্মারকগ্রন্থ]।

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়

[included in Dictionary of National Biography, Vol. I, published by Institute of Historical Studies, Calcutta].

চিন্তানায়ক বঙ্কিমচন্দ্র (২য় সং) [জিজ্ঞাসা]।

**Bandyopadhyay, Nanigopal**

ঋগ্বেদের চিত্রকল্পঃ অশ্ব ও সারমেয় ['লা পয়েজি', এপ্রিল, ১৯৭২]।

ঋগ্বেদে যম ও যমী প্রসঙ্গ ['লা পয়েজি', সেপ্টেম্বর, ১৯৭২]।

**Majumdar, Dr. Adityaprasad**

বেদান্তযোদ্ধা রামমোহন ['সাপ্তাহিক বসুমতী', ১৮ই মে, ১৯৭২]।

চলিত ভাষার সপক্ষে পুরোধা পুরুষ ['দেশ', ১৯শে অগাস্ট, ১৯৭২]।

'প্রথম' না 'প্রশম'ঃ কালিদাসের 'মেঘদূত' কাব্যে পাঠান্তর প্রসঙ্গ ['সাপ্তাহিক বসুমতী', ২২শে জুন, ১৯৭২]।

রবীন্দ্রনাথ কি মূর্তিপূজা বিরোধী মনোভাব পোষণ করতেন ['সাপ্তাহিক বসুমতী', ৬ই জুলাই, ১৯৭২]।

রবীন্দ্রনাথের বিশ্বজনীন ভগবান ['কালি ও কলম', শ্রাবণ, ১৩৭৯]।

**Ray, H.**

'একালের নাটক' [ সংস্কৃত পুস্তক ভান্ডার (যন্ত্রস্থ) ]।

আধুনিক ফরাশি কবিতার তত্ত্ব [ পিল্‌গ্রিম পাবলিশার্স (যন্ত্রস্থ) ]

সাঁ জাঁ পের্সের 'আনাবাস' [স্ট্যান্ডার্ড পাবলিশার্স]।

শিক্ষা ও ধর্মতত্ত্বে রামমোহন [আনন্দবাজার পত্রিকা, ২২শে মে, ১৯৭২]।

বিষবৃক্ষ, একটি উপন্যাসের শতবার্ষিকী [যুগান্তর, ২৬শে জুন, ১৯৭২]।

রবীন্দ্রনাথের শেষের কবিতা [ কালি ও কলম, বৈশাখ, ১৩৭৯ ]।

রামমোহনের ব্রহ্মসংগীত [ কালি ও কলম, আষাঢ়, ১৩৭৯ ]।

**Mukhopadhyay, Baidyanath**

ক্যাপটেন রিচার্ডসন ও মধুসূদন [আনন্দবাজার পত্রিকা, ১০ই ডিসেম্বর, ১৯৭২]।

স্বদেশী জাহাজ ও জ্যোতিরিন্দ্রনাথ [আনন্দবাজার পত্রিকা, ১৩৭৯]।

সেই সত্যদর্শী ফকিরের কথা (রবীন্দ্রনাথ প্রসঙ্গে) [আনন্দবাজার পত্রিকা, ২৬শে জানুয়ারি, ১৯৭২]।

রবীন্দ্রনাথের চোখে দেশনায়ক [আনন্দবাজার পত্রিকা, ৬ই ফেব্রুয়ারি, ১৯৭২]।

*English*

**Mazumdar, R. N.**

Virginia Woolf [Routledge and Kegan Paul, London (in the Press)].

**Chakravarti, Sudeshna**

French Influence on Swinburne [*Bulletin of the Department of English,* Calcutta University].

Bengali Poems on Calcutta, with S. R. Dasgupta [Writers' Workshop].

*Hindi*

**Singh, Sadananda**

'Divya' ki Visangatiyan [*Jan-Bharati,* 1971].

**Seth, Jagannath**

Hindi ke Adhunik Kavya-Natak [*Sankalpa,* 1971].

*History*

**Banerji, Chandikaprasad**

পূর্ব বাংলার স্বাধীনতা সংগ্রামের কয়েকটি দিক [আনন্দবাজার পত্রিকা, ১৫ই এপ্রিল, ১৯৭১]।

বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম, ২য় পর্যায় [ আনন্দবাজার পত্রিকা, ৪ঠা অক্টোবর ১৯৭১ ]।

Reverend Lal Behari Dey [*Amrita Bazar Patrika,* 19th April, 1972].

**Chakrabarti, Dr. Hiren**

The world of young Aurobindo [*Presidency College Magazine,* 1972].

Christian Missionaries [*Bengal Past and Present,* July-Dec., 1972].

**Ghatak, Kamal Kumar**

রাজনারায়ণ বসু ও হিন্দু জাগরণ [ইতিহাস, মাঘ-চৈত্র, ১৩৭৮]।

Hindu critics of Rammohun [*Presidency College Magazine,* 1972].

**Mukherji, Haridas**

বাঙালির নবজন্ম [আনন্দবাজার পত্রিকা, ২৬শে জানুয়ারি, ১৯৭২]।

বাঙালি জাতির ভবিষ্যৎ রাষ্ট্রসাধনা [আনন্দবাজার পত্রিকা, ৯-১০ই ফেব্রুয়ারি, ১৯৭২]।

ভারতের স্বাধীনতা আন্দোলনে যুগান্তর পত্রিকার দান বা শ্রীঅরবিন্দ ও বাংলার বিপ্লববাদ (গ্রন্থ) [ফার্মা কে এল মুখার্জি]।

জাতীয় শিক্ষা পরিষদের স্বপ্ন আজিও বিফল [আনন্দবাজার পত্রিকা, ডিসেম্বর, ১৯৭২]।

কোন্ পথে বাঙালি [(a pamphlet), Jan., 1972].

A Few Thoughts on National Educational Policy [(a pamphlet), Jan., 1972].

*Political Science*

**Basu Ray Chaudhury, Dr. N. C.**

A paper on "The Role of The Teacher in The Tertiary Sector" contributed to *"Journal Of Education"* of the West Bengal College and University Teachers' Association.

A paper on "The United Front Committee in West Bengal" contributed to a volume on "Coalition Governments In India" being published by "Indian Institute of Advanced Study", Simla.

A review article on "The Politics of Developing Areas" (edited by Almond and Coleman) [Published in "*Samatat*", April-June, 1972].

"The Two Faces of Bhutto" contributed to the *Economic Studies.*

Submitted a paper on "West Bengal and Social Science Research" to an ICCSR Seminar at Calcutta.

**Mukhopadhyay, Amal Kumar**

এবার বাংলাদেশে গড়ার কাজ [লোকশক্তি, বাংলাদেশ সংখ্যা]।

Six Years of Mrs. Gandhi's Leadership [*Amrita Bazar Patrika,* January 16, 1972].

Twenty-five Years of Indian Politics [*Amrita Bazar Patrika,* Independence Day Supplement].

Participated in the International Seminar on Bangladesh held in Calcutta and read a paper on "Nationalism, Secularism and Democracy in Bangladesh".

Participated in a symposium on "Administrative Reforms in West Bengal" organised by the Council for Political Studies.

Led discussions in a symposium on "Nagaland—Today and Tomorrow" organised by Gandhi Peace Foundation.

**Dattagupta, Sobhanlal**

Classical German Philosophy and Karl Marx's Proxis [*Proceeding of the Seminar on G. W. Friedrich Hegel and Friedrich Engels* (Vol. I) (Indo-GDR Friendship Society Publication, 1971)].

On the Specificity of the Marxist method [an article written for a book of essays by young intellectuals in India today. The volume is to be edited by Prof. Rajani Kanth of Jawaharlal Nehru University (Forthcoming)].

*Economics*

**Bagchi, A. K.**

Some International Foundations of Capitalist Growth and Underdevelopment [*Economic and Political Weekly,* Spl., November, 1972].

Foreign Capital and Economic Development in India [in K. G. Aberle and H. S. Sarma (ed.)].

Imperialism and Revolution in South Asia [*Monthly Review Press,* New York (in the press)].

**Dutta, A.**

An Econometric Analysis of Indo-Ceylon Migration.
Economic Development and Cultural Change [October, 1972].

*Philosophy*

**Mookerjee, Jatil Coomar**

গীতার ভাষ্য ও প্রাচীন ভাষ্যকার [তত্ত্ববোধিনী, জ্যৈষ্ঠ, ১৩৭৯]।

Jalpa [*A. K. S. Iyer Felicitation Volume*].

তাওবাদ ও শ্রীধর স্বামী [ভারতকোষ]।

**Chakrabarty, Dr. Nirod Baran**

Kant and the Vaibhasikas on knowledge [incorporated in the *Proceedings of Indian Philosophical Congress,* published in January, 1972].

Śaṃkara's doctrine of Māyā [incorporated in the *Commemoration Volume of Prabhu Jagatbandhu*].

শ্রীঅরবিন্দের দর্শন [বিশ্ববাণী, পূজা সংখ্যা]।

**Nandi, Dr. S. K.**

Sri Aurobindo on Art and Utility [*Rabindrabharati Journal*].

শিল্প ও কল্পনা [দেবযানী]।

Aesthetics of Abanindranath [*A. K. S. Iyer Commemoration Volume*].

বের্টোল্ট ব্রেসটের নন্দনতত্ত্ব [অমৃত]।

শ্রীঅরবিন্দের যোগদর্শন [আকাশবাণী]।

On Orissa Sculpture [*Oh Calcutta*].

Art of Dhiraj Choudhury [*Oh Calcutta*].

অবনীন্দ্রনাথ ও শিল্পতত্ত্ব [বৈতালিক]।

স্পিনোজা প্রভৃতি [ভারতকোষ]।

*Statistics*

**Gun, A. M., Gupta, M. K. and Dasgupta, B.**

An Outline of Statistical Theory, Vol. II [World Press, Calcutta (in press)].

**Gun, A. M.**

Causation : the statistical approach [*Journal of the Indian Academy of Philosophy* (forthcoming)].

অনুমানাঙ্ক নির্বাচনের মূলনীতি [পরিসংখ্যান, জুলাই, ১৯৭২]।

**Dasgupta, B.**

Economic data in Indian censuses [read during the Indian Census Centenary Seminar held in New Delhi in October, 1972].

**Ghosh, S.**

An alternative proof of Jordan-Hahn decomposition theorem [*American Mathematical Monthly,* 1971].

An alternative proof of Lebesgue decomposition theorem [*American Mathe-*] *matical Monthly,* 1971].

*Geology*

**Banerji, Dr. A. K.**

Hundred years of the concepts on the origin of the copper ore deposits within the Singhbhum Shear Zone, Eastern India [Sonderdruck areas *Geologic,* V. 20, pp. 424-428, 1971].

**Banerji, Dr. A. K. with Bhattacharyya, N. C.**

On the nature and metamorphic history of some basic dykes occurring within Arkasin granitic rocks, Singhbhum, Bihar [*Quart. Jour. Geol. Min. Met. Soc. Ind.,* V. 43, No. 3, pp. 173-176, 1971].

**Banerji, Dr. A. K. with Talapatra, A. K. Sankaran, A. V. and Bhattacharyya, T. K.**

Ore genetic significance of geochemical trends during progressive magmatisation within part of the Singhbhum Shear Zone, Bihar [*Journal Geol. Soc. India,* V. 13, pp. 39-50, 1972].

**Saha, Dr. A. K.**

Emplacement of the northern part of Singhbhum Granite, Eastern India, a study in Precambrian magmatism and granitisation [Rept. XXII, *Int. Geol. Congr., Pt.* X, pp. 366-385].

**Saha, Dr. A. K. with Sarkar, S. N.**

The Precambrian Palaeogeography of Singhbhum region, Eastern India, a preliminary reconstruction, [Rept. XXII, *Int. Geol. Congr.,* Pt. X, pp. 399-415].

**Saha, Dr. A. K. with Sankaran, A. V. and Bhattacharyya, T. K.**

A preliminary study of the distribution of uranium and thorium in the granitic rocks of Singhbhum [*Proc. Ind. Nat. Sci. Acad.,* V. 36A, No. 6].

**Saha, Dr. A. K.**

Petrogenetic and structural evolution of the Singhbhum granitic complex [*Report 24th Int. Geol. Congr.* (Canada), Sec. X, pp. 149-157 (1972)].

**Saha, Dr. A. K. with Roy, A. K.**

Reply to discussion on paper 'Sectoral growth and biaxiality in some apophyllite crystals from the Deccan Traps' [*Jour. Geol. Soc. India,* V. 11].

**Saha, Dr. A. K.**

The present status of the Precambrian geology of Singhbhum region [*Proc. 2nd Symp.,* Upper Mantle Project, Hyderabad, pp. 251-272 (1971)].

**Saha, Dr. A. K. with Rao, Dr. S. V. L. N. of I.I.T., Kharagpur**

Quantitative discrimination between magmatic units of the Singbhum granite [*Math. Geol.,* V. 3, pp. 123-133, 1971].

**Saha, Dr. A. K. with Roy, A. K. of Asutosh College, Calcutta**

Discussion on paper by A. R. Crawford on 'Gondwana land and the growth of India' [*Jour. Geol. Soc. India,* V. 13(1), p. 91 (1972)].

**Saha, Dr. A. K. jointly with Bose, M. K., Sankaran, A. V. and Bhattacharyya, T. K.**

Petrology and geochemistry of the ultramafic intrusion of Keshargaria, Singhbhum, Bihar [*Jour. Geol. Soc. India,* V. 13(2), pp. 113-121 (1972)].

**Gangopadhyay, Dr. P. K. with Chatterjee, N.**

Structure pattern of rocks around Dariba, Alwar Dt., Rajasthan, with special reference to copper occurrence [*Jour. Geol. Soc. India,* V. 12, pp. 43-50, 1971].

**Gangopadhyay, Dr. P. K. with Mukhopadhyay, M. K.**

Structural characteristics of rocks around Kalimpong, West Bengal [*Himalayan Geology,* V. 1, pp. 213-230, 1971].

**Gangopadhyay, Dr. P. K. with Sen, Dr. R.**

Trend of regional metamorphism : an example from 'Delhi System' of rocks occurring around Kushalgarh, North Eastern Rajasthan, India [*Geologische Rund Schan,* V. 61, pp. 270-281, 1972].

**Gangopadhyay, Dr. P. K. with Goswami, P. C.**

Petrology and structure of Bairat Granite in the districts of Alwar and Jaipur, Rajasthan [*Q. Jour. Geol. Min. Met. Soc. India,* V. 43, pp. 141-147, 1971].

**Gangopadhyay, Dr. P. K. with Ray, S.**

Metamorphic belts in Singhbhum, Manbhum and Chotanagpur, E. India [*Jour. Geol. Soc. India,* V. 12, pp. 286-294, 1971].

**Gangopadhyay, Dr. P. K.**

